গাংনীর সেই মাদক ব্যবসায়ীর ১০ বছর কারাদন্ড

মেহেরপুরে ঝন্টু আহমেদ (৪০)নামের এক মাদক ব্যবসায়ীকে ১০ বছর সশ্রম কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও ১ মাসের কারাদন্ড দিয়েছেন জেলা দায়রা জজ আদালতের বিচারক।

বুধবার (১ জুন) দুপুরে জেলা দায়রা জজ আদালতের বিচারক মো. ওয়ালিউল ইসলাম এ দন্ডাদেশ দেন।

দন্ডপ্রাপ্ত মাদক ব্যবসায়ী ঝন্টু আহমেদ জেলার গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের জমির উদ্দিনের ছেলে।

৪৭ বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি) কাজীপুর বিওপি ক্যাম্পের একটি টীম ২০১৮ সালে তাকে ফেনসিডিলসহ আটক করে মামলা দিয়ে গাংনী থানায় সোপর্দ করেন।

অপরাধ প্রমানীত না হওয়ায় এই মামলায় অপর চার আসামিকে বেকুসুর খালাস দেওয়া হয়।

আদালত সূত্রে জানা যায়, ২০১৮ সালে ১ ডিসেম্বর গাংনী উপজেলার পীরতলা গ্রামে অভিযান চালিয়ে ঝন্টু আহমেদকে আটক করেন। ভারত থেকে ফেনসিডিল নিয়ে বাংলাদেশ সীমান্তে প্রবেশ করছিলেন ঝন্টু আহমেদ।তার কাছ থেকে ৫০৩ বোতল ফেনসিডিল জব্দ হয়।

বিজিবির পক্ষ থেকে আটক ঝন্টুসহ পাঁচ জনকে আসামি করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণে আইনে গাংনী থানায় মামলা দেয়া হয়।

দীর্ঘদিন মামলার সাক্ষ্যপ্রমাণ শেষে বুধবার দুপুরে আসামিদের এ দণ্ড দেন আদালত। এ সময় বাকি চার আসামি দোষী প্রমাণিত না হওয়ায় আদালত তাদের বেকসুর খালাস দেন।

আদালতে রাষ্ট্রপক্ষের আইনজীবী ছিলেন জেলা জজ কোটের পিপি অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য্য এবং আসামিপক্ষে ছিলেন অ্যাডভোকেট কামরুল হাসান।

সাংবাদিক কাজলের ৩ মামলার কার্যক্রম স্থগিত

পক্ষকাল পত্রিকার সম্পাদক ও ফটো সাংবাদিক শফিকুল ইসলাম কাজলের নামে দায়ের করা তিনটি মামলার কার্যক্রম স্থগিত করেছেন হাইকোর্ট। বুধবার (১ জুন) বিচারপতি এ এস এম আব্দুল মোবিন ও বিচারপতি মো.আতোয়ার রহমানের হাইকোর্ট বেঞ্চ দুই মাসের জন্যি এই তিনটি মামলার কার্যক্রম স্থগিত করেন।

সাংবাদিক শফিকুল ইসলাম কাজল মেহেরপুর শহরের কাশারীপাড়া এলাকার মৃতু মীর মনোয়ার হোসেনের ছেলে।

গত বছরের ৮ নভেম্বর ফটো সাংবাদিক কাজলের নামে ডিজিটাল নিরাপত্তা আইনের পৃথক তিন মামলায় চার্জ গঠনের মাধ্যমে বিচার শুরুর আদেশ দিয়েছেন ঢাকার সাইবার ট্রাইব্যুনালের বিচারক আসসামছ জগলুল হোসেন ।
রাজধানীর শেরে-বাংলা নগর, হাজারীবাগ ও কামরাঙ্গীরচর থানায় ওই তিনটি মামলা দায়ের হয়।
চার্জ শুনানিকালে সাংবাদিক কাজল আদালতে হাজির ছিলেন। তার পক্ষে ব্যারিস্টার জ্যোতির্ময় বড়ুয়া অব্যাহতি চেয়ে শুনানি করেন। রাষ্ট্রপক্ষ থেকে স্পেশাল পাবলিক প্রসিকিউটর নজরুল ইসলাম শামীম চার্জগঠনের প্রার্থনা করেন।
উভয়পক্ষের শুনানি শেষে আদালত সাংবাদিক কাজলের বিরুদ্ধে আনা অভিযোগ তাকে পড়ে শোনান।
এরপর তার কাছে জানতে চান, তিনি দোষী না নির্দোষ। এ সময় কাজল নিজেকে নির্দোষ দাবি করে ন্যায়বিচার প্রত্যাশা করেন।
এরপর আদালত তার বিরুদ্ধে চার্জ গঠনের আদেশ দেন। কাজলের আরেক আইনজীবী জাহেদুর রহমান এ তথ্য জানান।
পরে হাইকোর্টে আবেদন করেন কাজল
যুব মহিলা লীগ নেত্রী পাপিয়াকে জড়িয়ে সোশ্যাল মিডিয়ায় লেখালেখি করায় গত বছর ৯ মার্চ রাজধানীর শেরে বাংলা নগর থানায় কাজলসহ ৩২ জনের নামে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা করেন মাগুরা-১ আসনের সরকার দলীয় সংসদ সদস্য সাইফুজ্জামান শেখর। এরপর ১০ ও ১১ মার্চ

রাজধানী হাজারীবাগ ও কামরাঙ্গীরচর থানায় ডিজিটাল নিরাপত্তা আইনে আরও দুটি মামলা হয়।
মামলা হওয়ার পর গত বছর ১০ মার্চ সন্ধ্যায় রাজধানীর হাতিরপুলের ‘পক্ষকাল’ অফিস থেকে বের হওয়ার পর সাংবাদিক কাজল নিখোঁজ হন। ১১ মার্চ চকবাজার থানায় সাধারণ ডায়েরি করেন তার স্ত্রী জুলিয়া ফেরদৌসি নয়ন। পরে ১৮ মার্চ রাতে কাজলকে অপহরণ করা হয়েছে অভিযোগ এনে চকবাজার থানায় মামলা করেন তার ছেলে মনোরম পলক।
ঢাকা থেকে নিখোঁজের ৫৩ দিন পর গত বছরের ২ মে রাতে যশোরের বেনাপোলের ভারতীয় সীমান্ত সাদিপুর থেকে অনুপ্রবেশের দায়ে ফটো সাংবাদিক কাজলকে আটক করে বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি)। পরদিন অনুপ্রবেশের দায়ে বিজিবির দায়ের করা মামলায় আদালতে সাংবাদিক কাজলের জামিন মঞ্জুর হলেও পরে কোতোয়ালি মডেল থানায় ৫৪ ধারায় আরেকটি মামলায় তাকে গ্রেফতার দেখানো হয়।
প্রায় সাড়ে আট মাস কারাভোগের পর গত বছর ২৫ ডিসেম্বর জামিনে মুক্তি পান কাজল।পরে তিন মামলায় কাজলের বিরুদ্ধে চার্জশিট দাখিল করলে মামলাটি বদলি হয়ে বিচারের জন্য সাইবার ট্রাইব্যুনালে আসে।

আদালতে আবেদনের পক্ষে ছিলেন আইনজীবী জ্যোতির্ময় বড়ুয়া। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল সুজিত চ্যাটার্জি বাপ্পী।

মেহেরপুরে বিশ্ব দুগ্ধ দিবস ও উপকারভোগীদের মাঝে চেক বিতরণ

“পুষ্টি,পরিবেশ ও অর্থনৈতিক উন্নয়নে টেকসই দুগ্ধ শিল্প” এ প্রতিপাদ্যে মেহেরপুরে বিশ্ব দুগ্ধ দিবস পালিত হয়েছে।

দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ প্রকল্পের আওতায় কর্মসূচী পালিত হয়।

বুধবার সকাল ১০ টার সময় জেলা প্রাণিসম্পদ অফিস থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ

শেষে জেলা শিল্পকলা একাডেমীর চত্তরে গিয়ে শেষ হয় ।

শোভাযাত্রাতে নেতৃত্ব দেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কৃষিবিদ মোঃ সাইদুর রহমান। উপসহাকারি প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাঃ শারমিন আক্তার, উপসহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা শফি উদ্দিনসহ প্রাণিসম্পদ অফিসের কর্মকর্তা, কর্মচারী ও দুগ্ধ খামারীরা শোভাযাত্রায় অংশ নেন।

জেলা শিল্পকলা একাডেমী মিলনায়নে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

আলোচনা সভায় জুম কনফারেন্সের মাধ্যমে প্রধান অতিথির বক্তব্য রাখেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। বিশেষ অতিথির বক্তব্য রাখেন, খুলনা বিভাগের প্রকল্প পরিচালক ও বিভাগীয় যুগ্ম নিবন্ধক মোঃ মিজানুর রহমান।
অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা সমবায় কর্মকর্তা প্রভাষ চন্দ্র বালা, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাঃ বশির আহমেদ।

আলোচনা পরবর্তীতে এআইএফ-২ প্রকল্পের আওতায় চপার মেশিন ও দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ প্রকল্পে উপকারভোগীদের চেক বিতরণ করা হয়।

কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের পক্ষ থেকে সংবর্ধনা

কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক নাদিরা খানম কুষ্টিয়া জেলার শ্রেষ্ঠ শিক্ষক (মাধ্যমিক পর্যায়ে-২০১৮/২০২২) এবং বিদ্যালয়ের বর্তমান সহকারী প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মোহাঃ আনোয়ার হোসেন ২০১৭ সালের শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচিত হওয়ায় বিদ্যালয়ের পক্ষ থেকে তাকেও সংবর্ধনা জানানো

হয়েছে।

আজ সকালে বিদ্যালয়ের শিক্ষক মিলনায়তনে এক অনুষ্ঠানে তাদেরকে ফুলেল শুভেচ্ছা ও সম্মাননা স্মারক ক্রেষ্ট তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মহাঃ মোজাম্মেল হক।
কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চবিদ্যালয়ের সিনিয়র শিক্ষক আনোয়ার আজম সরকার, সাইদুল ইসলাম, জাহাঙ্গীর সিদ্দিক, শাহিনা বেগম, শামীমা আক্তার, নীলিমা রানী, অলোকা রায়, হাফেজ মোঃ রুহুল আমিন, মাহমুদুল হাসান, রেজাউল করিমসহ সকল শিক্ষকরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, কর্মদক্ষতা আর শ্রেণি কক্ষে সুদক্ষভাবে পাঠদানের পাশাপাশি করোনাকালীন শিক্ষার অংশ হিসেবে অনলাইন কার্যক্রমে সক্রিয় অবদান রাখার জন্য জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২২ উদযাপন কমিটি উপজেলা ও জেলা পর্যায়ে নাদিরা খানমকে শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচিত করেন।

এ বিষয়ে নাদিরা খানম বলেন, জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২২ এ কুষ্টিয়া জেলার শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে নির্বাচিত হওয়ায় সংশ্লিষ্ট সকলের প্রতি আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি । অভিভূত হয়েছি আমার বিদ্যালয়ের সকল শিক্ষক ও এই প্রতিষ্ঠানের উষ্ণ অভিনন্দনে। তাদের প্রতি আমি কৃতজ্ঞ আমাকে যারা অভিনন্দন জানিয়েছেন। তিনি বলেন, এই অর্জন কেবল আমার একার নয়, এই প্রতিষ্ঠানের বলেও উল্লখ করেন তিনি।

মানবিক পুলিশ হতে হবে —খুলনা রেঞ্জের ডিআইজি

বাংলাদেশ পুলিশের খুলনা রেঞ্জের ডিআইজি ড.খ. মহিদ উদ্দিন বিপিএম (বার) বলেছেন পুলিশকে শততা ও নিষ্ঠার সাথে দাীয়ত্ব পালন করতে হবে। মানুষের কল্যাণে কাজ করার পাশাপাশি পুলিশকে মানবিক পুলিশে পরিণত হতে হবে।
আজ বুধবার (১ জুন) দুপুরে মেহেরপুর জেলা পুলিশ কর্তৃক আয়োজিত

বিশেষ কল্যাণ সভায় প্রধান অতিথির বক্তব্যে পুলিশকে এ নির্দেশ দেন।
মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত বিশেষ কল্যাণ সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, সার্কেল অপু সরোয়ার।
এছাড়া অন্যান্যদের মধ্যে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহ দারা খান, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রাজ্জাক, মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল উপস্থিত ছিলেন।
কল্যাণ সভায় উপপরিদর্শক (এস আই) সহকারী উপপরিদর্শক ও কনষ্টাবলবৃন্দ উপস্থিত ছিলেন।
এর আগে পুলিশ লাইনে আয়োজিত পুলিশ প্যারেড পরিদর্শন করেন তিনি। ডি আই জি ড.খ. মহিদ উদ্দিন মঙ্গলবার দিবাগত রাতে মেহেরপুর সার্কিট হাউজে এসে পৌঁছালে পুলিশ সুপার রাফিউল আলম তাকে ফুল দিয়ে স্বাগত জানান।
পুলিশের বার্ষিক পরিদর্শনের অংশ হিসেবে বুধবার সকালে তিনি সদর থানা, রিজার্ভ অফিস ও বিকালে পুলিশ সুপারের কার্যালয় পরিদর্শন করেন।

গাংনীতে দিন ব্যাপি রোভিং সেমিনার

গাংনীতে কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় দিন ব্যাপী রোভিং সেমিনার অনুষ্ঠিত হয়েছে।
আজ বুধবার (১ জুন) সকাল ১০ টার সময় গাংনী উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথী ছিলেন মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক (অতিঃ) সামছুল আলম।
গাংনী উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুনের সভাপতিত্বে বিশেষ অতিথী ছিলেন মেহেরপুর কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (শস্য) কামরুজ্জামান, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য’র প্রতিনিধি মনিরুজ্জামান আতু।
গাংনী উপজেলা কৃষি অফিসের আয়োজন এ সেমিনার অনুষ্ঠিত হয় ।

সেমিনারে সরকারী বেসরকারী অফিসের কর্মকর্তা কৃষক, রাজনৈতিক ব্যাক্তিবর্গ ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

গাংনীতে স্বাস্থ্য পরীক্ষায় হেল্থ ক্যাম্প অনুষ্ঠিত

কর্মজীবী ল্যাকটেটিং তহবিল কর্মসুচীর আওতায় গাংনী পৌরসভার নির্বাচিত উপকারভোগীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে স্বাস্থ্যক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।
আজ বুধবার দুপুরে গাংনী উপজেলা পরিষদ মিলনায়তনে এ স্বাস্থ্যসেবা ক্যাম্প অনুষ্ঠিত হয়।
গাংনী উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় এ আয়োজন করে।
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নীল হাফিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায়
বক্তব্য রাখেন, গাংনী উপজেলা আবাসিক মেডিকেল অফিসার আশিকুর রহমান, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপির প্রতিনিধি মনিরুজ্জামান আতু, উপকারভোগী মা এবং স্থানীয় সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

কার্পাসডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতে ভুয়া ডাক্তার সহ-ডায়াগনস্টিক সেন্টারে জরিমানা

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারে মেয়াদোত্তীর্ণ ঔষধ, অনিবন্ধিত ক্লিনিক ওন্ড ডায়াগনস্টিক সেন্টার ও ভুয়া ডাক্তারসহ

মেয়াদউত্তীর্ণ শিশুখাদ্য বিক্রিয় ব্যবসায়ীকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

দামুড়হুদায় নিয়মিত বাজার মনিটরিং এর অংশ হিসেবে মঙ্গলবার দুপুর ১ টার দিকে উপজেলার কার্পাসডাঙ্গা বাজারে এ অভিযান পরিচালনা করেন উপজেলা দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুদিপ্ত কুমার সিংহী।

অভিযান সূত্রে থেকে জানা যায়, মেয়াদউত্তীর্ণ ওষুধ বিক্রির অভিযোগে সেবা ক্লিনিক ওন্ড ডায়াগনস্টিক সেন্টারে মালিকে ৫ হাজার টাকা, সুফিয়া ফার্মেসী এন্ড ডায়াগনস্টিক সেন্টার মালিক লালটু মিয়াকে ৫ হাজার টাকা, মেয়াদউত্তীর্ণ শিশুখাদ্য বিক্রির অভিযোগে এক দোকানীকে ৫শ টাকা, এবং কার্পাসডাঙ্গা বাজারে দীর্ঘ দিন ধরে বিভিন্ন রোগের চিকিৎসা দিয়ে আসছে ভুয়া হাতুড়ে ডাক্তার আজাদ আলী নামের এক ব্যক্তিকে ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনার সময় উপস্থিত ছিলেন, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মোঃ আবু হেনা মোস্তফা জামাল শুভ, কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির এএসআই মসলেম উদ্দিন।

এসময় সহকারী কমিশনার ভূমি ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুদিপ্ত কুমার সিংহী তিনি সাংবাদিককে বলেন, স্বাস্থ্য অধিদপ্তর থেকে নির্দেশনা পাওয়ার পর অনিবন্ধিত ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারগুলো চিহ্নিত করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় ডায়াগনস্টিক সেন্টারগুলোতে অভিযান পরিচালনা করা হচ্ছে। এ অভিযান অব্যাহত থাকবে।

মেহেরপুরে বিজয় টিভির প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে আলোচনা সভা ও কেক কাটার মধ্য দিয়ে পালিত হলো বিজয় টিভির প্রতিষ্ঠা বার্ষিকী। মঙ্গলবার বিকেল ৬ টায় গাংনী

প্রেসক্লাবে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রেসক্লাব সভাপতি ও সহকারী অধ্যাপক রমজান আলীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন শিশু সাহিত্যে বাংলা একাডেমীর পুরষ্কার প্রাপ্ত কথা সাহিত্যিক রফিকুর রশিদ রিজভী।

উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাডভোকেট একেএম শফিকুল আলম, মুজিবনগর সরকারী ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মুরাদ হোসেন।

বিজয় টিভির শুভকামনায় বক্তব্য রাখেন প্রেসক্লাব সাধারণ সম্পাদক ও মাই টিভির জেলা প্রতিনিধি মাহাবুব আলম, সাবেক কটন ইউনিট অফিসার আব্দুল ওয়াদুদসহ বিভিন্ন বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

মেহেরপুর প্রেসক্লাবের যুগ্মসম্পাদক ও আরটিভি প্রতিনিধি মাজেদুল হক মানিকের সঞ্চালনায় অতিথিগণ কেক কেটে বিজয় টিভির জেলা প্রতিনিধি তৌহিদ উদ দৌলা রেজার মুখে কেক তুলে দেন।

গাংনীতে মাটি ব্যবসায়ীকে জেল ও পুকুর মালিককে অর্থদন্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত

রাস্তায় মাটি ফেলে জন দূর্ভোগ সৃষ্টি ও যত্রতত্র পুকুর খননের অভিযোগে পুকুর মালিককে ১০ হাজার টাকা জরিমানা ও মাটি ব্যবসায়ীকে ৭ দিনের বিনাশ্রম কারাদন্ড দিয়েছেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

দন্ডিতরা হলেন, ঢেপা গ্রামের এরশাদ আলীর ছেলে ওবায়দুল্লাহ (৩৫) ও একই উপজেলার চিৎলা গ্রামের মৃতু নুরুল ইসলামের ছেলে শামীম রেজা (৩২)। মঙ্গলবার বিকালে গাংনী উপজেলার ঢেপা গ্রামে এ অভিযান চালান তিনি।

ইট প্রস্তুতও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন ২০১৩ এর ৫ ধারায় তাদের এ দন্ড দেওয়া হয়।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম বলেছেন, যত্রতত্রভাবে পুকুর খননের অভিযোগে পুকুর মালিক ওবায়দুল্লাহকে ১০ হাজার টাকা অর্থদন্ড ও মাটি বহণ করে রাস্তায় জনদূর্ভোগ সৃষ্টির অভিযোগে মাটি ব্যবসায়ী শামীম রেজাকে ৭ দিনের বিনাশ্রম কারাদন্ড দিয়ে জেল হাজতে প্রেরণের নির্দেশ দেওয়া হয়েছে। এসময় গাংনী থানা পুলিশের একটি টীম তাকে সহযোগীতা করেন।